রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/০৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৯৩-আইন/২০২৩।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জারির তারিখে বা তৎপরবর্তীতে সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অস্থায়ীভাবে নিয়োগ" অর্থ বিধি ৪ এর অধীন অস্থায়ীভাবে নিয়োগ;

(খ) "আত্তীকৃত শিক্ষক ও কর্মচারী" অর্থ বিধি ৬ এর অধীন স্থায়ীকৃত কোনো শিক্ষক বা কর্মচারী;

(গ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(ঘ) "কার্যকর চাকরিকাল" অর্থ বিধি ১২ তে উল্লিখিত চাকরিকাল;

(ঙ) "নন-ক্যাডার" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডার বহির্ভূত কোনো পদ;

(চ) "নির্বাচিত বেসরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজ" অর্থ সরকারিকরণের উদ্দেশ্যে সরকার কর্তৃক নির্বাচিত কোনো বেসরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজ;


মূল্য : টাকা ৪·০০

(ছ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ রাজস্ব খাতে সৃজিত পদে শিক্ষক বা কর্মচারী নিয়োগের ক্ষেত্রে সরকার বা, ক্ষেত্রমত, সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(জ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

(ঝ) "সরকারিকৃত টেকনিক্যাল স্কুল ও কলেজ" অর্থ এই বিধিমালা জারির তারিখে বা তৎপরবর্তীতে সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সরকারি হিসাবে ঘোষিত এমন কোনো নির্বাচিত বেসরকারি টেকনিক্যাল স্কুল বা কলেজ, যাহার পরিচালনা পর্ষদে উক্ত স্কুল বা কলেজ পরিচালনার কর্তৃত্বসহ উহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারের নির্দেশনা অনুসারে সরকারের অনুকূলে রেজিস্ট্রিকৃত দলিলমূলে হস্তান্তর করিয়াছে এবং সরকার উহার দায়িত্ব গ্রহণ করিয়াছে;

(ঞ) "সরকারিকৃত টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষক এবং কর্মচারী" অর্থ কোনো সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজে অধ্যক্ষ, চিফ ইনস্ট্রাক্টর (টেক), ইনস্ট্রাক্টর (টেক/ননটেক), জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক), ধর্ম শিক্ষক পদে কর্মরত কোনো শিক্ষক এবং কোনো পদে কর্মরত কোনো কর্মচারী, যিনি কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্বাচিত বেসরকারি টেকনিক্যাল স্কুল বা কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপ করিবার তারিখের পূর্বে, বেসরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য প্রযোজ্য নিয়োগ সংক্রান্ত আদেশ, নির্দেশ বা নীতিমালার অধীন নিয়োগ প্রাপ্ত হইয়া অব্যাহতভাবে উক্ত প্রতিষ্ঠানে কর্মরত আছেন;

(ট) "সৃজিত পদ" অর্থ শিক্ষক এবং কর্মচারীদের আত্তীকরণের উদ্দেশ্যে রাজস্ব খাতে সৃজিত পদ।

৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাতত বলবৎ কোনো বিধি, প্রবিধান, পরিপত্র, আদেশ বা নির্দেশে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **অস্থায়ীভাবে নিয়োগ**।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক কোনো নির্বাচিত বেসরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজে নিয়োগের উপর নিষেধাজ্ঞা আরোপের তারিখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের—

(ক) অধ্যক্ষ, চিফ ইনস্ট্রাক্টর (টেক), ইনস্ট্রাক্টর (টেক/ননটেক), জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক), এবং ধর্ম শিক্ষক পদে কর্মরত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষকগণকে, যথাক্রমে, অধ্যক্ষ (নন-ক্যাডার), চিফ ইনস্ট্রাক্টর (নন-ক্যাডার), ইনস্ট্রাক্টর (নন-ক্যাডার), জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-ক্যাডার), ধর্ম শিক্ষক এবং ভাষা শিক্ষক পদে, এবং

(খ) কর্মচারীগণকে অনুরূপ সৃজিত পদে,

উক্ত স্কুল এবং কলেজ সরকারিকরণের তারিখ হইতে, বিধি ৬ এর বিধানসাপেক্ষে, আত্তীকরণের উদ্দেশ্যে অস্থায়ীভাবে নিয়োগদান করিবে।

(২) সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজসমূহে সরকারিকরণের পূর্বে বিদ্যমান যে সকল পদ সরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজের জনবল কাঠামোর সহিত মিল নাই সেই সকল পদে কর্মরত শিক্ষক বা কর্মচারীগণ, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট স্কুল বা কলেজ কর্তৃক চাহিত কাঠামো বহির্ভূত সৃজিত পদে আত্তীকৃত হইবেন, তবে বেসরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণ

আত্তীকৃত পদে কর্মরত থাকাকালীন পদত্যাগ বা অবসর বা বরখাস্ত বা মৃত্যুজনিত কারণে পদ শূন্য হইলে শূন্য হওয়ার তারিখে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে।

(৩) সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণকে সৃজিত পদ ব্যতীত অন্য কোনো পদে অস্থায়ীভাবে নিয়োগদান করা যাইবে না।

ব্যাখ্যা।—এই বিধিতে উল্লিখিত "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে সরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রয়োজনীয় যোগ্যতাকে বুঝাইবে।

৫। **অস্থায়ীভাবে নিয়োগের ক্ষেত্রে বাধানিষেধ।**—কোনো ব্যক্তি অস্থায়ীভাবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক নহেন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন;

(গ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড, অথবা উক্ত অধিদপ্তর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো মেডিকেল অফিসার সংশ্লিষ্ট পদের জন্য তাহাকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যয়ন না করেন;

(ঘ) যথাযোগ্য কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক উক্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ তদন্তের ফলে দেখা যায় যে, তিনি প্রজাতন্ত্রের কর্মে নিয়োগের অযোগ্য;

(ঙ) অস্থায়ীভাবে নিয়োগের তারিখে তাহার বয়স সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের বয়স অপেক্ষা অধিক হয়।

৬। চাকরি স্থায়ীকরণ।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, কমিশনের সহিত পরামর্শক্রমে, অস্থায়ীভাবে নিয়োগকৃত শিক্ষক ও কর্মচারীগণকে নিম্নবর্ণিত শর্তে সৃজিত পদে নন-ক্যাডার হিসাবে চাকরিতে স্থায়ী করিতে পারিবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট সরকারিকৃত স্কুল এবং কলেজে অস্থায়ীভাবে নিয়োগ প্রাপ্তির পর, চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরি স্থায়ীকরণের তারিখ পর্যন্ত, উক্ত সংশ্লিষ্ট স্কুল এবং কলেজে অব্যাহতভাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির ধারাবাহিকতা থাকিতে হইবে; এবং

(খ) চাকরি সন্তোষজনক হইতে হইবে।

(২) আত্তীকরণের উদ্দেশ্যে সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণকে এই বিধিমালার বিধান অনুযায়ী সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগদানের পর চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরির ধারাবাহিকতা অক্ষুণ্ণ থাকিলে, চাকরি স্থায়ীকরণের আনুষ্ঠানিকতা সমাপনান্তে, চাকরি স্থায়ীকরণ কার্যকর হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, অস্থায়ীভাবে নিয়োগকৃত কোনো শিক্ষক বা কর্মচারী অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে বা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে বা মৃত্যুবরণ করিলে, তাহাকে, ক্ষেত্রমত অবসরোত্তর ছুটিতে গমনের তারিখ বা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণের তারিখ বা মৃত্যুবরণের তারিখের অব্যবহিত পূর্ববর্তী তারিখে, সন্তোষজনক চাকরি সাপেক্ষে, ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদান করিয়া চাকরি স্থায়ী করা যাইবে।

(৪) এই বিধির অধীন চাকরি স্থায়ী হইবার পর সংশ্লিষ্ট পদে সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণের আত্তীকরণ সম্পন্ন হইবে।

৭। **বেতন-ভাতাদি নির্ধারণ।**—অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ, সংশ্লিষ্ট স্কুল এবং কলেজ সরকারিকরণের তারিখ হইতে বিদ্যমান জাতীয় বেতন স্কেলের সংশ্লিষ্ট গ্রেডের প্রারম্ভিক ধাপে স্ব-স্ব পদের জন্য নির্ধারিত বেতন-ভাতাদি প্রাপ্য হইবেন।

৮। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—সরকারিকরণের অব্যবহিত পূর্বে সংশ্লিষ্ট বেসরকারি টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণের জ্যেষ্ঠতার ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

৯। **বদলি।**—অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত বা আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণের চাকরি বদলিযোগ্য হইবে না।

১০। **পদোন্নতি।**—সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণের পদোন্নতিযোগ্য পদসমূহে সংশ্লিষ্ট স্কুল এবং কলেজে কর্মরত আত্তীকৃত শিক্ষক ও কর্মচারীগণ পদোন্নতির জন্য বিবেচিত হইবেন এবং উক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কুল এবং কলেজ সরকারিকরণের অব্যবহিত পূর্ববর্তী, ক্ষেত্রমত, বিষয় বা পদভিত্তিক জ্যেষ্ঠতার ভিত্তিতে, সরকার কর্তৃক নির্ধারিত শর্তপূরণসাপেক্ষে, পদোন্নতি প্রদান করা যাইবে।

১১। **শূন্যপদ পূরণ।**—(১) সরকারিকৃত কোনো টেকনিক্যাল স্কুল এবং কলেজে কোনো বিষয়ের শিক্ষকের পদ শূন্য হইলে, উহা সংশ্লিষ্ট স্কুল এবং কলেজের সংশ্লিষ্ট বিষয়ের পদোন্নতিযোগ্য আত্তীকৃত শিক্ষকগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পূরণ করিতে হইবে।

(২) সরকারিকৃত কোনো টেকনিক্যাল স্কুল এবং কলেজে কর্মচারীর পদ শূন্য হইলে, উহা সংশ্লিষ্ট স্কুল এবং কলেজে পদোন্নতিযোগ্য আত্তীকৃত কর্মচারীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পূরণ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য আত্তীকৃত কোনো শিক্ষক বা কর্মচারী উক্ত প্রতিষ্ঠানে না থাকিলে উক্ত পদটি শূন্য বিবেচিত হইবে এবং উহা এতৎসংশ্লিষ্ট বিষয়ে বিদ্যমান সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক পূরণ করা যাইবে।

১২। **কার্যকর চাকরিকাল।**—সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজে আত্তীকৃত কোনো শিক্ষক বা কর্মচারী, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট স্কুল এবং কলেজে সরকারিকরণের অব্যবহিত পূর্ব পর্যন্ত ধারাবাহিকভাবে সংশ্লিষ্ট স্কুল এবং কলেজে সর্বমোট যে সময়কাল চাকরি করিবেন, উক্ত চাকরিকালের অর্ধেক সময় সংশ্লিষ্ট শিক্ষক বা কর্মচারীর কার্যকর চাকরিকাল হিসাবে গণ্য হইবে।

(২) সরকারিকৃত টেকনিক্যাল স্কুল এবং কলেজের শিক্ষক ও কর্মচারীগণের কার্যকর চাকরিকাল কেবল তাহাদের পেনশন ও ছুটির প্রাপ্যতার ক্ষেত্রে গণনাযোগ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল হোসেন**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd